ঝাড়গ্রামে তিরঙ্গা যাত্রা থেকে মুখ্যমন্ত্রীকে তীব্র আক্রমণ শুভেন্দুর

তৃণমূলকে ‘দেশবিরোধী’ দলের তকমা

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: বৃহস্পতিবার স্বাধীনতা দিবসের প্রাক্কালে ঝাড়গ্রাম শহরে তিরঙ্গা যাত্রায় পা মেলালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেখানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী-সহ শাসকদল তৃণমূলকে একহাত নেন তিনি। বিরোধী দলনেতার অভিযোগ, ঝাড়গ্রামে মুখ্যমন্ত্রীর বাংলা ভাষা নিয়ে প্রতিবাদ মিছিলে বিদ্যাসাগরকে অপমান করা হয়েছে এবং মুখ্যমন্ত্রী চাকরি ও ডিএ বঞ্চনার দায় এড়াচ্ছেন। বিশ্ব আদিবাসী দিবসের আগেই মুখ্যমন্ত্রী অনুষ্ঠান করে চলে গিয়েছেন বলেও কটাক্ষ করতে দেখা যায় তাঁকে। শুভেন্দুর দাবি, ‘রাজ্যের হাসপাতালগুলোতে সঠিক চিকিৎসা নেই, ফলে রোগীরা রাঁচি ও ওড়িশায় চিকিৎসা করাতে যাচ্ছেন।’ পাহেলগাঁও হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে তিনি তৃণমূলকে ‘দেশবিরোধী’ দল আখ্যা দেন এদিন। একইসঙ্গে অভিযোগ করেন, ‘তৃণমূল, বাংলাদেশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গাদের আশ্রয় দিচ্ছে।’ অন্যদিকে মহুয়া মৈত্র ও সাবিত্রী মিত্রের মন্তব্য নিয়েও তিনি সমালোচনা করেন। শুভেন্দু অধিকারী জানান, ‘বাংলাদেশের স্লোগান দেওয়া তৃণমূলকে যেদিন সরাতে পারব, সেদিন এই যাত্রা সফল হবে।’ পাশাপাশি শুভেন্দু মন্তব্য করেন, ‘মুখ্যমন্ত্রী আদিবাসীদের সংরক্ষণ কেড়ে নিয়েছেন এবং স্থায়ী চাকরি না-দিয়ে সব পদ কন্ট্রাক্টচুয়াল করেছেন।’

এদিন পুরাতন ঝাড়গ্রাম থেকে পাঁচমাথা মোড় পর্যন্ত প্রায় আড়াই কিলোমিটার পদযাত্রায় জাতীয় পতাকা হাতে শুভেন্দু অধিকারীর সঙ্গে সামিল হন কয়েক হাজার বিজেপি কর্মী-সমর্থক। যাত্রাপথে বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ-সহ একাধিক মনীষীর মূর্তিতে মাল্যদান করেন তিনি। জাতীয় পতাকা হাতে বিজেপি কর্মীরা মনীষীদের নামে জয়ধ্বনি দেন। প্রসঙ্গত, গত ৭ অগস্ট জঙ্গলমহল সফরে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজের গলার উত্তরীয় খুলে বিদ্যাসাগরের মূর্তিতে পরিয়ে দিয়ে বিতর্কে জড়িয়ে ছিলেন। শুভেন্দু অধিকারী সেই ঘটনা প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর তীব্র সমালোচনা করেন। তিরঙ্গা যাত্রায় শুভেন্দু অধিকারীর সঙ্গে এদিন উপস্থিত ছিলেন দলের জেলা সভাপতি তুফান মাহাতো ও অন্যান্য জেলা নেতারা।

‘সনাতনী জাগলেই তৃণমূলের বিসর্জন’, সুর চড়ালেন মিঠুন

নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া: পুরুলিয়ার কাশীপুর তরুণ সংঘ লাইব্রেরিতে কাশীপুর ও পাড়া বিধানসভার মণ্ডল ও বুথ সভাপতিদের সম্মেলনে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব মিঠুন চক্রবর্তী বলেন, ‘সবাই একসঙ্গে লড়লে তৃণমূলকে হারানো সম্ভব। এই লড়াই আমাদের শেষ লড়াই, হারলে এবাংলা আর বাংলা থাকবে না।’ অভয়ার ঘটনার প্রসঙ্গে তিনি বলেন, ‘একটি পরিবারের সন্তান হারানোর বিষয়টি জাগিয়ে রাখতে হবে।’ শুভেন্দু অধিকারীর ওপর হামলার প্রসঙ্গে প্রশ্ন তোলেন তিনি, বলেন ‘ভয় না থাকলে হামলা কেন?’ তিনি দাবি করেন, ভুয়ো ভোট রুখতে এসআইআর জরুরি, কারণ অনেকের নাম একাধিক ভোটার তালিকায় রয়েছে। তৃণমূলের অভিযোগ নির্বাচন কমিশন বিজেপির হয়ে কাজ করছে। এ প্রসঙ্গে মিঠুন বলেন, ‘সবাই বলে, কিন্তু আসলে কিছুই হচ্ছে না। এসআইআর হলে দুধ কা দুধ, পানি কা পানি হয়ে যাবে।’ তাঁর দাবি, তৃণমূল ভয় পাচ্ছে কারণ ‘সনাতনী জেগে গেছে, আর সনাতনী জাগলেই তৃণমূলের বিসর্জন।’

ওবিসিদের অন্ন ধ্বংসের পরিকল্পনা করছে তৃণমূল: শমীক

নিজস্ব প্রতিবেদন নদিয়া: ‘লক্ষ লক্ষ ওবিসিদের পেটের ভাত কেড়ে নেওয়ার ব্যবস্থা করছে এই তৃণমূল সরকার।’ বৃহস্পতিবার নদিয়ার কৃষ্ণনগরে দলীয় কার্যালয়ে এক কর্মসূচিতে এসে এমনই মন্তব্য করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। এদিন তৃণমূল কংগ্রেসকে একহাত নিয়ে বিজেপির রাজ্য সভাপতি বলেন, ‘উচ্চ মাধ্যমিকের ফলাফল কয়েক মাস আগে বেরিয়ে যাওয়ার পরেও এখনও পর্যন্ত ছাত্রছাত্রীরা স্কুল ও কলেজে ভর্তি হতে পারছে না। একই সঙ্গে দেখা যাচ্ছে যে ডাক্তারদের কাউন্সিলিং শুরু হয়ে গিয়েছে। ২০১০ সালের আগে যে ওবিসি রিজার্ভেশন ছিল সেই ৬৬টি ওবিসি রিজার্ভেশনকে মেনে নিয়ে তাঁদের ভর্তি করানো হচ্ছে। এটা শুধুমাত্র হিন্দু ওবিসিদের অধিকার কেড়ে নিয়ে এক শ্রেণির মুসলমানকে খুশি করবার জন্য। শুধুমাত্র মুসলিমদের বার্তা দেওয়ার জন্য যে এই সরকারটা মুসলিমদের সঙ্গে রয়েছে হিন্দুদের জন্য নেই। একটা প্রজন্মকে পুরোপুরি ধ্বংস করে দেওয়া হচ্ছে।’ এদিন সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে গিয়ে শমীক ভট্টাচার্য রাজ্যের সমস্ত রাজনৈতিক দলের উদ্দেশ্যে বলেন, ‘আমাদের লড়াই তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। তাই কংগ্রেস, সিপিএম থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক দলকে বলবো, ভোট কাটুয়ার কাজ করবেন না। কেউ দলীয় পতাকা ছাড়বেন না। পতাকা আপনারা রাখুন বাড়িতে যত্ন করে, উঁচু জায়গায় রাখুন, পতাকাটা হৃদয়ের মধ্যে রাখুন। শুধু মস্তিষ্ক থেকে একটা কথাই বলুন যে তৃণমূলকে হারাতে হবে। বাকিটা পরে বোঝা যাবে।’ বিদেশে বসে শিক্ষামন্ত্রীকে হামলার প্রসঙ্গে বিজেপির রাজ্য সভাপতি বলেন, ‘এসব জটিল বিষয় আমরা বুঝিনা। এটা ওদের ব্যাপার ওরা বুঝে নেবে। তবে কারও গাড়িতেই হামলা করা এটা সমর্থনযোগ্য নয়। এগুলো তৃণমূল কংগ্রেসের সংস্কৃতি। আর তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার জন্য যাদের সাহায্য নেয় অতিবাম এটা তাদের সংস্কৃতি। এসব হচ্ছে ওদের পারিবারিক সমস্যা।’ পরিযায়ী শ্রমিকদের ওপর হামলার প্রসঙ্গে এদিন বিজেপি রাজ্য সভাপতি বলেন, ‘যারা নদিয়ার এবং মুর্শিদাবাদের মুসলমান ভাইরা পরিযায়ী শ্রমিক আছেনন, যারা ভারতীয় তাঁদের কোনও সমস্যা হচ্ছে না। যে সমস্ত পরিযায়ী শ্রমিকরা বাংলাদেশ থেকে এসে জাল আধার কার্ড বানিয়েছেন তাঁরাই দিল্লি, হরিয়ানা, কর্ণাটক পুলিশকে নিজেদের চিনিয়ে দিচ্ছে। যারা ভারতীয় বাঙালি পরিযায়ী শ্রমিক তাঁদের কোনও অসুবিধা হচ্ছে না।’ অন্যদিকে ‘জাল ভোটার সম্পর্কেও তৃণমূল কংগ্রেসের মুখ পুড়বে’ বলে জানান বিজেপির রাজ্য সভাপতি।

বাংলা বলায় হরিয়ানায় আটক বসিরহাটের পরিযায়ী শ্রমিক

মুখ্যমন্ত্রীর দ্বারস্থ পরিবার

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: টাকির পর এবার বসিরহাট। বাংলায় কথা বলায় ফের পরিযায়ী শ্রমিক আক্রান্ত। অভিযোগ, হরিয়ানায় বাংলা বলায় বাংলাদেশি বলে আটকে রাখা হয়েছে দীর্ঘ তিন দিন ধরে। দুশ্চিন্তায় গোটা মণ্ডল পরিবার। পুরসভার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে আবেদন ফিরিয়ে আনার জন্য।

উত্তর ২৪ পরগনার বসিরহাট পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের ভ্যাবলার বাসিন্দা বছর ৫৫-র গফফার মণ্ডল। পেশায় পরিযায়ী শ্রমিকের কাজ করতে গত ১৫ দিন আগে হরিয়ানায় যান। অভিযোগ, সেখানে বাংলা ভাষা বলায় বাংলাদেশি বলে মারধর-সহ মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হতে হয় তাঁকে। এমনকি তাঁকে আটক করে রাখা হয়েছে বলে পরিবারের অভিযোগ। জানা গেছে, হরিয়ানায় গত তিন দিন আগে ১১ অগস্ট রাত সাড়ে এগারোটার সময় তার শেষ ফোন এসেছিল স্ত্রীর মনোয়ারা বিবির কাছে। লুকিয়ে শৌচাগারে গিয়ে স্ত্রীকে জানান সবটা। তারপর থেকেই তাঁর মোবাইলের স্যুইচ বন্ধ। আর যোগাযোগ করা যাচ্ছে না। তাঁর দুই ছেলে রয়েছে। ইতিমধ্যে বসিরহাট থানা, বসিরহাট পুরসভায়, বিধায়কের কাছে গফফার মণ্ডলের পরিবারের তরফে লিখিতভাবে আবেদন করা হয়েছে। নড়েচড়ে বসেছে বসিরহাট জেলা প্রশাসনও। স্ত্রী মনোয়ারা বিবি বলেন, ‘আমার স্বামীর ভোটার কার্ড, আধার কার্ড, এটিএম কার্ড, প্যান কার্ড সব আছে। উপযুক্ত নথিপত্র থাকা সত্ত্বেও তাঁদেরকে দেখালে তারা মানতে চাননি। স্বামীকে আটকে রেখেছে। আমাদের আবেদন, আমার স্বামীকে যেন বাড়ি ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়।’

‘আমি ডাকাত হলে বাংলাছাড়া হবেন শুভেন্দু’, সিঙ্গুরে পালটা প্রতিবাদ সভা বেচারাম মান্নার

নিজস্ব প্রতিবেদন, সিঙ্গুর: বুধবারই কৃষক আন্দোলনের ডাকে সিঙ্গুরে সভা করে গিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যের মন্ত্রী বেচারাম মান্নাকে ‘ডাকাত’ তকমাও দেন তিনি। বৃহস্পতিবার তারই পালটা প্রতিবাদ সভা করতে দেখা গেল তৃণমূলকে। এদিন সিঙ্গুর রতনপুর আলুর মোড়ে সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা বিজেপির শুভেন্দু অধিকারীর সভার বিরুদ্ধে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়। বুধবার শুভেন্দু অধিকারী আলুর দাম বৃদ্ধির দাবির সভায় রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও সিঙ্গুর আন্দোলনের নেতা বেচারাম মান্নার বিরুদ্ধে বিরূপ মন্তব্য করেন বলে অভিযোগ তৃণমূলের। এদিন তারই প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, মন্ত্রী বেচারাম মান্না, বিধায়ক অরিন্দম গুঁই, বিধায়ক ডা. করবী মান্না, জেলা পরিষদের সভাধিপতি রঞ্জন ধাড়া-সহ তৃণমূলের নেতৃত্বরা।

এই প্রতিবাদ সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী বেচারাম মান্না বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে একহাত নেন। তিনি বলেন, ‘শুভেন্দু যতবার আসেন, আমাকে গালাগালি করেন। আগেরবার বলেছেন, আমি চুন, সুরকি ব্যবসা করি। এবার বললেন, আমি ডাকাত ভালো কথা। আমি যেদিন ডাকাত হব সেদিন শুভেন্দু অধিকারী ও তাঁর বাবা শিশির অধিকারী পশ্চিমবঙ্গে থাকতে পারবেন না।’ আলু প্রসঙ্গে বেচারাম বলেন, ‘বাইরে যেসব রাজ্যে ভোট হয়েছে সেখানে সেখানে জালিয়াতি করে বিজেপি ক্ষমতায় এসেছে। মহারাষ্ট্রে ৬০ লক্ষ ভোটার বাদ গিয়েছে উত্তরপ্রদেশেও তাই হয়েছে, পাঞ্জাবেও তাই হয়েছে। দিল্লিতেও তাই হয়েছে। লোকসভা ভোটেও ভোটার লিস্ট জালিয়াতি করে ক্ষমতায় এসেছে বেশিদিন থাকবে না কেন্দ্রীয় সরকার। মুখ্যমন্ত্রী আলু চাষিদের কথাও যেমন ভাবেন, আলু ব্যবসায়ীদের কথাও তিনি ভাবেন। উত্তরপ্রদেশে পাইকারি আলু ৮৫০ টাকা, পাঞ্জাবে ৮০০ টাকা অথচ পশ্চিমবঙ্গে ১৩৫০ টাকায় যারা আলু কেনেন তাঁদের কথাও মুখ্যমন্ত্রী ভাবেন।’ তিনি আরও বলেন, ‘বিজেপি সিপিএম যতই কুৎসা করুক কোনও লাভ হবে না। সাধারণ মানুষকে বলছি রুখে দাঁড়ান। ওদের ধাপ্পাবাজিতে বিশ্বাস করবেন না। আমার পাড়া, আমার সমাধান এই প্রকল্প দেখে ওদের ভয় ধরে গিয়েছে। সুতরাং শুভেন্দু অধিকারীর কোন লাভ হবে না।’

নার্সিংহোমে নার্সের ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, সিঙ্গুর: তিন দিন আগে সিঙ্গুরের নার্সিংহোমে নার্স হিসেবে যোগ দিয়েছিলেন নন্দীগ্রামের তরুণী। বুধবার রাতে সেই নার্সিংহোম থেকেই গলায় ফাঁস লাগানো অবস্থায় উদ্ধার হয় দীপালি জানা (২৪) নামে ওই নার্সের ঝুলন্ত দেহ।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের মেয়ে দীপালি বেঙ্গালুরুর একটি কলেজ থেকে নার্সিং ট্রেনিং নেন। হুগলির সিঙ্গুর বোড়াই তেমাথা এলাকায় একটি বেসরকারি নার্সিংহোম রয়েছে, সেখানেই তিন দিন আগে কাজে যোগ দিয়েছিলেন। এক বন্ধুর সূত্র ধরে কাজের খবর পেয়েছিলেন তিনি। সূত্রের খবর, বুধবার রাতে নার্সিংহোমের চার তলার একটি ঘর থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। খবর পেয়ে ভোরেই নন্দীগ্রাম থেকে সিঙ্গুরে আসেন বাড়ির লোকেরা। শ্রীরামপুর-চণ্ডীতলা যাওয়ার রাস্তায় বসে বিক্ষোভ দেখান তাঁর পরিবারের লোকজন।

দীপালির বাবা সুকুমার জানার অভিযোগ, ‘বুধবার রাত ১১টা নাগাদ নার্সিংহোম থেকে ফোন করে জানানো হয়, মেয়ে গলায় দঁড়ি দিয়েছে। তাঁরা যেন তাড়াতাড়ি চলে আসেন। রাত সাড়ে ৩টে নাগাদ গাড়ি ভাড়া করে সিঙ্গুরে পৌঁছই। সেখানে মেয়ের খোঁজ করলে জানানো হয়, পুলিশ থানায় নিয়ে গিয়েছে।’ এখানেই সুকুমার জানার প্রশ্ন, কেন পরিবারকে না জানিয়ে দেহ থানায় নিয়ে যাওয়া হলো? সুকুমার বলেন, ‘আমার মেয়েকে খুন করা হয়েছে। আমি উপযুক্ত তদন্ত চাই এবং নার্সিংহোম মালিকের শাস্তি চাই।’ হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কৃশানু রায় বলেন, ‘একটি নার্সিংহোমে অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। মৃতের পরিবার মৌখিকভাবে যা বলছে, তার লিখিত অভিযোগ দায়ের হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

দুর্বল রামকৃষ্ণ সেতুতে বিনামূল্যে টোটো পরিষেবায় তৃণমূল ও বিজেপির প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: আরামবাগের দুর্বল রামকৃষ্ণ সেতু নিয়ে শুরু হল রাজনৈতিক তরজা। ইতিমধ্যে আরামবাগের রামকৃষ্ণ সেতুর একাংশ ভেঙে পড়ায় ভারী যান চলাচল নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন। এই রকম পরিস্থিতিতে সমস্যায় পড়েছেন কয়েক হাজার মানুষ। এদিন সাত সকালে তৃণমূল পরিচালিত আরামবাগ পুরসভা ১০টি টোটো বিনামূল্যে পরিষেবা চালু করে। আরামবাগ পুরসভার চেয়ারম্যান সমীর ভাণ্ডারী এই পরিষেবা চালু করেন। অপরদিকে, পুরশুড়ার বিজেপি বিধায়ক বিমান ঘোষ নিজের উদ্যোগে ৮টি টোটো বিনামূল্যে চালু করেন। শাসক ও বিরোধী দল মিলে মোট ১৮টি টোটো বিনামূল্যে রামকৃষ্ণ সেতু পারাপারে সহযোগিতা করবে সাধারণ মানুষকে। প্রসঙ্গত, কালীপুর-পল্লীশ্রীর মধ্যে দ্বারকেশ্বর নদের ওপর গড়ে ওঠা এই আরামবাগের রামকৃষ্ণ সেতু ক্রমশ বিপদজনক হয়ে উঠছে। এই প্রসঙ্গে, বিজেপি বিধায়ক বিমান ঘোষ জানান, ‘সাধারণ মানুষের কথা মাথায় রেখে এই সেতুর ওপর দিয়ে বাস চলাচল বন্ধ রয়েছে। অনেক মানুষ সমস্যায় পড়েছেন। সুযোগ বুঝে যে যার মতো ভাড়া নিচ্ছে। যেটা দশ টাকার ভাড়া, সেতুর এপার থেকে ওপারে যেতে অনেকেই তার দ্বিগুণ, তিনগুণ চাইছে। তাই মানুষের পাশে দাঁড়াতে আমি ৮টা টোটোর ব্যবস্থা করে দিয়েছি।’ পাশাপাশি পুরসভার পক্ষ থেকে টোটো পরিষেবা প্রসঙ্গে বিধায়ক জানান, ‘এটা তৃণমূলের নাটক,

পুরসভার প্রথমেই উচিত ছিল যেদিন থেকে সেতুতে যান চলাচল বন্ধ হয়েছে, সেদিন থেকে পরিষেবা চালু করা। আজকে আমি করছি বলে কোনোভাবে হয়তো খবর পেয়েছে সেজন্য এসব করছে।’ অপরদিকে আরামবাগ পুরসভার ভাইস চেয়ারম্যান মমতা মুখার্জি বলেন, ‘সেতু বিপদজনক আছে। মানুষের যাতে কোনও অসুবিধা না হয়, সেই জন্য টোটোর ব্যবস্থা করা হয়েছে। আর কিছু না।’ সবমিলিয়ে বিনামূল্যে টোটো পরিষেবা নিয়ে শাসক ও বিরোধী দল রাজনৈতিক স্বার্থে চালু করলেও, উপকৃত হচ্ছেন সাধারণ মানুষ।

অ্যাপেক্স ট্রেডার্স অ্যান্ড এক্সপোর্টার্স লিমিটেড

CIN No. U51909WB1980PLC033173
রেজিস্টার্ড অফিস: পোদ্দার পয়েন্ট, ১১তম তল, ১১৩, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
ফোন নং: ০৩৩-৪০১৯ ০৮০০; ফ্যাক্স: ০৩৩ ৪০১৯ ০৮২৩
ই-মেল: corp@titagarh.in

৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ

(লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			বর্ষ সমাপ্ত
		৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত)	৩০.০৬.২০২৪ (অনিরীক্ষিত)	৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	০.৪০	০.৪১	০.৪৫	১.৭৩
২	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, এবং ব্যতিক্রমী দফাদি পূর্ববর্তী)	-১.০০	-১.১৭	-১.৩১	-৪.১১
৩	নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ববর্তী (ব্যতিক্রমী দফাদি পরবর্তী)	-১.০০	৫৮.৪৫	-১.৩১	৫৫.৫১
৪	নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী দফাদি পরবর্তী)	-১.০০	৫৮.৪৫	-১.৩১	৫৫.৫১
৫	মোট ব্যাপক আয় সময়কালের জন্য	-১.০০	৫৮.৪৫	-১.৩১	৫৫.৫১
৬	চুকিয়ে দেওয়া ইক্যুইটি শেয়ার মূলধন	২০.০০	২০.০০	২০.০০	২০.০০
৭	শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ১০ টাকা মূল্যের ফেসভ্যালু) মৌলিক ও মিশ্রিত (*বার্ষিকীকরণ হয়নি)	-০.৫০	২৯.২৩	-০.৬৫	২৭.৭৬

দ্রষ্টব্য:
১. উপরোক্ত বিষয়টি সেবি (লিস্টিং ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের সারাংশ। ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.cse-india.com) থেকে পাওয়া যাবে।
২. ৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের উপরোক্ত আর্থিক ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা পর্যালোচিত এবং ১৪ অগস্ট, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত।

স্থান: কলকাতা
তারিখ: ১৪ অগস্ট, ২০২৫

পরিচালন পর্ষদের পক্ষে
মাতলুবুল জামিল মণ্ডলা
ডিরেক্টর
DIN: 01004409

বিকেএম ইন্ডাস্ট্রিজ লিমিটেড

(CIN:- L27100WB2011PLC161235) ফোন নং: (০৩৩)-২২১৩২৩৭২/৭৩, ফ্যাক্স: (০৩৩)-২২১৩২৯০৩
ইমেল : cs.bkm@rediffmail.com, ওয়েবসাইট : www.bkmindustries.co.in

৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারাংশ

(লক্ষ টাকায়)

	বিবরণ	ত্রৈমাসিক বর্ষ সমাপ্ত ৩০.০৬.২০২৫	পূর্ববর্তী বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৫	পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত ৩০.০৬.২০২৪
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	—	৬.০৯	১.৬৮
২	নিট লাভ সময়কালের (কর, ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পূর্ববর্তী #)	- ৮০.৩৪	- ৫১৫.০২	- ৭১.৪২
৩	নিট লাভ সময়কালের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পরবর্তী #)	- ৮০.৩৪	- ৫১৫.০২	- ৭১.৪২
৪	নিট লাভ সময়কালের কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পরবর্তী #)	- ৮০.৩৪	- ৫৫৬.৬৯	- ৭১.৪২
৫	মোট ব্যাপক (ক্ষতি)/লাভ সময়কালের জন্য (কর পরবর্তী সমন্বিত {ক্ষতি/আয় এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী ক্ষতি/আয়)}	- ৮০.৩৪	- ৫৫৬.৬৯	- ৭১.৪২
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	১২.৩৫	১২.৩৫	১২.৩৫
৭	মজুত (পুনর্মূল্যায়ন মজুত ব্যতীত)			
৮	শেয়ার প্রতি রোজগার (প্রতিটি ১/- টাকার) (চলতি ও অচলতি কাজের জন্য) **-			
	মৌলিক:	- ৬.৫০	- ৪৫.০৭	-৫.৭৮
	মিশ্রিত:	- ৬.৫০	- ৪৫.০৭	-৫.৭৮

* বার্ষিকীকৃত নয়
# কোম্পানির কোনও ব্যতিক্রমী এবং অসাধারণ দফা নেই।

স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের মূল সংখ্যা (লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত		অনুরূপ ৩ মাস সমাপ্ত
		জুন-২৫	মার্চ-২৫	জুন-২৪
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট রাজস্ব	—	৬.০৯	১.৬৮
২	চলতি কার্যাদি থেকে কর পূর্ব লাভ/(ক্ষতি)	-৮০.৩৪	-৫১৫.০২	-৭১.৪২
৩	চলতি কার্যাদি থেকে কর পরবর্তী লাভ/(ক্ষতি)	-৮০.৩৪	-৫৫৬.৬৯	-৭১.৪২

দ্রষ্টব্য :
১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে, স্টক এক্সচেঞ্জসমূহে ফাইল করা ৩০ জুন, ২০২৫ সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিস্তারিত ফর্মাটের সারসংক্ষেপ। ত্রৈমাসিক এবং অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে বিএসই-র ওয়েবসাইট (www.bseindia.com) এবং এনএসই-র ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.bkmindustries.co.in) -এ।
২. উপরোক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত, ১৩.০৮.২০২৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড কর্তৃক তাদের সভায় অনুমোদিত।
৩. কোম্পানি বার্ষিক ভিত্তিতে কনসোলিডেটেড আর্থিক বিবৃতি প্রস্তুত করেছে এবং কনসোলিডেটেড আর্থিক পরিসংখ্যানের মধ্যে কোম্পানির সহায়ক/সহযোগী/ যৌথ উদ্যোগ যেমন ইউরোএশিয়ান ভেনচার এফজেডই অন্তর্ভুক্ত রয়েছে।
৪. কোম্পানির ব্যতিক্রমী এবং অসাধারণ দফা নেই।

স্থান: কলকাতা
তারিখ: ১৩.০৮.২০২৫

ফ্রন্টলাইন কর্পোরেশন লিমিটেড

CIN NO : L63090WB1989PLC099645
রেজিস্টার্ড অফিস: ৪, বি.বি.ডি. বাগ (পূর্ব), স্টিফেন হাউজ, কক্ষ নং ৫, ২য় তল, কলকাতা-৭০০০০১
কর্পোরেট অফিস: ৫ম তল শালিল বিল্ডিং, নেহরু ব্রিজ কর্নারের নিকটে, আশ্রম রোড, আমেদাবাদ - ৩৮০০০৯

৩০/০৬/২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ

(টাকার অঙ্ক লাখে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত			বর্ষ সমাপ্ত
		৩০ জুন ২০২৫	৩১ মার্চ ২০২৫	৩০ জুন ২০২৪	৩১ মার্চ ২০২৫
		(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	৩১৪৮.৬৬	২৮৫০.১০	২৪৮৫.৬৫	১০৩৯৫.৬২
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর এবং ব্যতিক্রমী দফার পূর্বে)	৭৪.৩২	১০৭.৪৬	৫২.৮১	৩৫৭.৬৬
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী দফার পরে)	৭৪.৩২	১০৭.৪৬	৫২.৮১	৩৫৭.৬৬
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী দফার পরে)	৫৭.৩৫	৮৮.৪৬	৩৮.৫৩	২৮৮.৮৫
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় {সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)}	৫৭.৪৫	৯৩.৩০	৪১.০২	২৮৯.২২
৬	চুকিয়ে দেওয়া ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতি শেয়ার)	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫	৪৯৭.৭৫
৭	রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বর্তপত্রে যেমন প্রদর্শিত				৭৫১.৯০
৮	শেয়ার প্রতি আয় - মৌলিক ও মিশ্রিত	১.১৫	১.৭৮	০.৭৭	৫.৮০

দ্রষ্টব্য :
১. উপরের স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলটি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ১৪.০৮.২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ডিরেক্টর বোর্ডের সভায় অনুমোদিত হয়েছে।
২. উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমা